দামুড়হুদায় আলমসাধু চাপায় সার ব্যবসায়ী মনিরুল নিহত

দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী নতুন গ্রামে অবৈধ যান আলমসাধুর চাপায় মনিরুল ইসলাম (৪০) নামের একজন সার ব্যবসায়ী নিহত হয়েছেন। মনিরুল ইসলাম সীমান্তবর্তী হরিশচন্দ্রপুর গ্রামের মৃত ছাত্তার বিশ্বাসের ছেলে ও বালাই নাশক সিনজেন্টার ডিলার। গতকাল রবিবার দুপুর ২টার দিকে এই দুর্ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে মনিরুল বাইসাইকেল যোগে মাঠ থেকে বাড়ি ফিরছিল। এ সময় সে নতুন গ্রাম নামক মোড়ে পৌঁছালে একটি ধান বোঝায় আলমসাধু তাকে ওভার টেক করতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়।
এ সময় বাইসাইকেলে থাকা মনিরুল আলমসাধুর নিচে পিষ্ট হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরী বিভাগে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
সড়ক দুর্ঘটনায় নিহতের ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল।

দর্শনা ফিলিং স্টেশন থেকে ট্রাক চুরি

দর্শনা ফিলিং স্টেশন থেকে একটি ট্রাক চুরির ঘটনা ঘটিছেয়ে একটি চোর চক্র। জনা গেছে গতকাল শুক্রবার ভোর সাড়ে ৫ টার দিকে একটি হলুদ রঙ্গের ট্রাক যার নং ঝিনাইদহ ট ১১-১৪৩০ দর্শনা ফিলিং স্টেশন থেকে গাড়ির দরজা ভেঙ্গে একটি চোরচক্র গাড়িটা নিয়ে পালিয়ে যায়। সকাল বেলা ট্রাকের মালিক দর্শনা তেল পাম্পে গিয়ে দেখে তার গাড়িটা নাই। সাথে সাথে তেল পাম্প মালিককে জনালে তার সিসি ক্যামেরা দেখে বলে গাড়িটা ভোর সাড়ে ৫ টার দিকে নিয়ে গেছে।
এ ঘটনায় গাড়ির মালিক দর্শনা কলেজ পাড়ার মৃত্য দ্বীন মোহাম্মদের ছেলে হাসান রেজা বাদলের কাছে জানতে চাইলে তিন বলেন গত পরশু দর্শনা কেরু’র চিনি নিয়ে কুষ্টিয়া গিয়েছিল, সেখান থেকে কুষ্টিয়ার

বালি বোঝায় করে নিয়ে আসে আমার ড্রাইভার আলামিন। গাড়িটা আনলোড করে দর্শনা ফিলিং স্টেশনে রেখে দেয়। ভোরের দিকে গাড়িটা নিয়ে যায় একটি চোরচক্র। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাবব্বুর রহমান কাজল ঘটনাস্থল পরিদর্শন করেছে এবং ট্রাকটি চুরির বিষয়টি নিশ্চিত করেছেন।
এ ঘটনায় ট্রাক মালিক দর্শনা থানায় একটি জিডি করেবে বলে জানায়।

চুয়াডাঙ্গার দর্শনায় আড়াই কেজি সোনা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা থেকে প্রায় আড়াই কেজি ওজনের ১১টি স্বর্ণের বার উদ্ধার করেছে বিজিবি। উদ্ধার করা সোনার আনুমানিক বাজার মূল্য এক কোটি ৫৩ লাখ ২৮ হাজার ৭৯২ টাকা।
গতকাল শুক্রবার বিকালে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে বিজিবি।
চুয়াডাঙ্গার ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্নেল খালেকুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে গত বৃহস্পতিবার রাতে জেলার দামুড়হুদা উপজেলার ফুলবাড়ি এলাকায় অভিযান চালানো হয়। এ সময় পরিত্যক্ত অবস্থায় দুই কেজি ৪১৬ গ্রাম ওজনের ১১টি সোনার বার উদ্ধার করা হয়। উদ্ধার করা সোনা দর্শনা থানায় হস্তান্তর করা হয়েছে।
বিজিবি পরিচালক আরো জানান, ধারনা করা হচ্ছে সোনাগুলো ভারতে পাচারের উদ্দেশ্যে সীমান্ত এলাকায় নিয়ে আসা হয়েছিলো। এ ব্যাপারে দর্শনা থানায় মামলা দায়েরের প্রস্তুতি নেয়া হচ্ছে।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় মহান ২১শে ফেব্রুয়ারি পালিত

সারা দেশের ন্যায় চুয়াডাঙ্গা জেলার দর্শনাতেও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে অমর ২১শে ফেব্রুয়ারি পালিত হয়েছে।

গতকাল রোববার সকাল সাড়ে ৭ টায় দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে জাতীয়, দলীয় ও শোক পতাকা উত্তোলন করা হয়। এরপর বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পূস্পমাল্য অর্পণ করা হয়।

সকাল ৮ টায় দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌর/কলেজ মাঠে গণজমায়েত হয়। বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রী, রাজনৈতিক দল, ব্যবসায়ী, সাংবাদিকসহ সকল শ্রেণি পেশার মানুষ আসেন। এরপর জাতীয় পতাকা ও শোক পতাকা উত্তোলন করা হয়।

জাতীয় পতাকা উত্তোলন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু ও শোক পতাকা উত্তোলন করেন, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান। এরপর দর্শনা সরকারি কলেজে অবস্থিত দর্শনার কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে অবস্থান করে সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট নিরবতা পালন করা হয় ও শপথ বাক্য পাঠ করানো হয়। শপথ বাক্য পাঠ করান, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শহীদুল ইসলাম।

তারপরে একে একে সকল শ্রেণি পেশার মানুষ ২১শে ফেব্রুয়ারি ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে শহীদ বেদিতে পুস্পমাল্য অর্পণ করেন। সকল শহীদদের বিনম্র শ্রদ্ধা জানিয়ে শহীদ মিনারে পূস্পমাল্য অর্পণ করে, রাজনৈতিক দল- আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ, বিএনপি, জাতীয় পার্টি, জাসদ, দর্শনা সরকারি কলেজ, দর্শনা ডি এস ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা, দর্শনা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয়, মেমনগর বি ডি মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা আইডিয়াল স্কুল এন্ড কলেজ, অংকুর আদর্শ বিদ্যালয়,

লিটিল এনজেল্স স্কুল, আদর্শ প্রি ক্যাডেট স্কুল, আজমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পূর্ব রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পশ্চিম রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারি

প্রাথমিক বিদ্যালয়, জয়নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ঈশ্বরচন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণ চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, শান্তি নগর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পরানপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কাস্টম সরকারি প্রাথমিক বিদ্যালয়, দর্শনা পৌর বিশেষ প্রতিবন্ধী শিক্ষা প্রতিষ্ঠান, দর্শনা প্রেস ক্লাব, ফারিয়া, রেল বাজার দোকান মালিক সমিতি, পুরাতন বাজার দোকান মালিক সমিতি, দর্শনা সোসাইটি, মৌচাক সংগঠন, সাম্প্রতিক সাংস্কৃতিক সংগঠন, অনির্বাণ থিয়েটার, ওয়েভ ফাউন্ডেশন, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান উপজেলা শাখাসহ বিভিন্ন পেশাজীবী মানুষ।

দর্শনায় গাঁজাসহ স্বামী-স্ত্রী আটক

দামুড়হুদা উপজেলার, দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি ৫ শত গ্রাম গাঁজাসহ স্বামী ও স্ত্রীকে হাতেনাতে আটক করেছে পুলিশ।

গতকাল রবিবার সকাল সাড়ে ৬ টার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে কুড়ুলগাছি ইউনিয়নের বুুইচিতলা বাজার পাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় দর্শনা থানাধীন বুুইচিতলা বাজার পাড়া গ্রামস্থ জনৈক আবুল কশেম এর বসত বাড়িতে অভিযান চালিয়ে ১ কেজি ৫ শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয় এবং স্বামী ও স্ত্রী দুইজনকে আটক করে পুলিশ।

আটককৃত আসামিরা হলোঃ দর্শনা থানাধীন কুড়ুলগাছি ইউনিয়নের বুুইচিতলা বাজার পাড়ার মৃত ইকলাস মন্ডলর ছেলে মোঃ আবুল কাশেম
(৫০) এবং একই গ্রামের আবুল কাশেম এর স্ত্রী মোছাঃ নাজমা খাতুন(৪৫)।

দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি মাহবুবুর রহমান কাজল বলেন আটককৃত আসামির বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা করা হয়েছে।

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণ সভা, ৮ মার্চ নির্বাচন

গতকাল শনিবার সকাল ১০ টার দিকে কেরুজ গ্যারেজ সেডে আয়োজন করা হয় শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণ সভা। নির্ধারিত সময়েও শুনশান ছিলো সভা চত্বর। সাড়ে ১১ টার পর থেকে শ্রমিক সংগঠন থেকে দলেদলে মিছিল সহকারে নেতারা কর্মী সমর্থকদের নিয়ে হাজির হন সভাস্থলে।

দুপুর ১২ টার দিকে শুরু হয় আলোচনা পর্ব। পবিত্র কোরআন তেলোয়াত ও জাতীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে সভার কার্যক্রম শুরু হয়। শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি তৈয়ব আলীর সভাপতিত্বে সভায় বার্ষিক আয়-ব্যয়ের হিসাবসহ ৫ পৃষ্টা বিশিষ্ট প্রতিবেদন পাঠ করেন সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ।

২০১৯ সালের আয় দেখানো হয়েছে ১১ লাখ ৫৭ হাজার ৩১৭ টাকা। ওই বছরেই ব্যয় করা হয়েছে ৫ লাখ ৭০ হাজার ৫০০ টাকা। অবশিষ্ট টাকার পরিমাণ ৫ লাখ ৮৬ হাজার ৮১৭ টাকা। ২০২০ সালে আয় হয়েছে ১২ লাখ ৪৫ হাজার ১৫৩ টাকা এবং ব্যয় হয়েছে ৬ লাখ ৩৬ হাজার ৫৬০ টাকা। ফলে ২ বছরের আয়-ব্যয় হিসাবে অবশিষ্ট টাকার পরিমাণ ৬ লাখ ৮ হাজার ৫৯৩ টাকা।

সভায় অন্যান্যের মধ্যে আলোচনা করেন সভাপতি প্রার্থী ফিরোজ আহমেদ সবুজ, সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স, বর্তমান পরিষদের সহ-সম্পাদক খবির উদ্দিন, আবু সাঈদ, হাজি আকরাম আলী, এসএম কবির, মোহন ইসলাম, নুর ইসলাম, ইদ্রিস আলী, হাফিজুল ইসলাম, সাইফ উদ্দিন সুমন প্রমুখ।

সহ-সভাপতি মোস্তাফিজুর রহমানের উপস্থাপনায় আরো আলোচনা করেন সাবেক সহ-সভাপতি ফারুক আহমেদ, রেজাউল করিম, ইসমাইল হোসেন, বাবর আলী, শরিফুল ইসলাম প্রমুখ। সভায় ৫ সদস্য বিশিষ্ট প্রস্তাবিত নির্বাচন পরিচালনা কমিটি ঘোষণা করা হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয়েছে চিনিকলের

মহাব্যবস্থাপক (অর্থ) রাব্বিক হাসান, সদস্য সচিব ব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক (সংস্থাপন) আবুল ফাত্তাহ, গ্যারেজ ইঞ্জিনিয়ার আবু সাঈদ ও সহব্যবস্থাপক (ভূমি) জহির উদ্দিনকে।

গত নির্বাচনের তুলনায় এবারের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে মাত্র ১ দিন আগে। সাধারণ সভা অনুষ্ঠিত হলো ৬ দিন আগে। কেরুজ নির্বাচন মানেই মহাৎসব। এ নির্বাচন গোটা জেলাবাসীকে জানান দেয়। গোটা মরসুম জুড়ে নির্বাচনী বাতাশ থাকে গরম। কেরুজ আঙ্গিনা ভোটার ও বহিরাগতদের পদচারনায় মুখরিত থাকে। প্রার্থীদের দৌঁড়-ঝাপ-ভোটারদের দলে ভেড়ানোর কায়দা-কৌশল অবলম্বনে থাকে না কমতি। ভোটারদের মন গলাতে বানের পানির মতো খরচ করা হয়ে থাকে টাকা। দীর্ঘদিনের এ ধারাবাহিকতা খানেকটা থমকে গেছে এবারের নির্বাচনে। ভোটের বাকী মাত্র ১৫ দিন।

নেই নির্বাচনী আলোচনা, প্রচারণা, দৌঁড়-ঝাপ, সংগঠন অফিসগুলোতে নেই ভোটারদের আনা-গোনা, সন্ধ্যা নামার সাথে সাথে আলোক সজ্জায় সজ্জিত সংগঠন কার্যালয়গুলো পেট ভোজনের আয়োজন পড়ছেনা চোখে। অনেকটাই যেন ভূতরে অবস্থায় পরিণত হয়েছে কেরুজ এলাকা। এবার প্রার্থীরা ভোটার ও সমর্থকদের নিয়ে কোনই মহড়া দিচ্ছেনা। দেখাচ্ছেনা দল ভারী দেখানো শো-ডাউন। নেপথ্যে রয়েছে বহু রহস্য। অনেকেই মন্তব্য করে বলেছে, চাকে সেই মধু নেই বলেই কি মৌমাছির গুনগুনানি বন্ধ? থলেতে কি নেই নিয়োগ ও বদলী বাণিজ্য? নাকী অন্যান্য মিল বন্ধের আতংক বিরাজ করছে কেরুতেও ? এখনো পর্র্যন্ত কি নির্বাচনে প্রার্থীদের প্রধান হাতিয়ার মদ বিক্রয় কেন্দ্রের এজেন্টদের দেখা মিলেনি? নাকী এজেন্টরা অবস্থা বুঝে ব্যবস্থা নেবে?

দীর্ঘদিন সংগঠন কার্যালয়গুলো জনমানবহীন থাকলেও হঠাৎ করেই গতকাল থেকে জমজমাট অবস্থায় পরিণত হওয়ার নেপথ্যের রহস্যই বা কি? তবে গতকাল শনিবার সকাল থেকেই সংগঠনগুলো ছিলো কর্মী, সমর্থক, ভোটার ও বহিরাগতদের ভীড়। প্রত্যেক সংগঠন থেকে বিশাল র্যালি সহকারে সভাস্থলে যোগদান করা হয়েছে। এ নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে জানিয়েছেন, তৈয়ব সংগঠনের কর্ণধর বর্তমান পরিষদের সভাপতি তৈয়ব আলী ও সবুজ সংগঠনের কর্ণধর ফিরোজ আহমেদ সবুজ।

সাধারণ সম্পাদক পদে মাঠে থাকবেন বলে জানিয়েছেন মাসুদ সংগঠনের

কর্ণধর বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান ও প্রিন্স সংগঠনের কর্ণধর সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স। এ ছাড়া সহ-সভাপতি ও যুগ্ম-সম্পাদকসহ সদস্য পদে অসংখ্য প্রার্থীর নাম শোনা যাচ্ছে। কবে নাগাদ নির্বাচন পরিচালনা কমিটি তফসিল ঘোষণা করবে তা এখনো জানা যায়নি।

দর্শনায় বিপুল পরিমাণ গাঁজাসহ আটক-২

দর্শনা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৬ কেজি গাঁজাসহ ২ জনকে গ্রেফতার করেছে।

পুলিশ জানায় গতকাল শনিবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ছোটবলদিয়া গ্রামে অভিযান চালিয়ে ০৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে।

গ্রেফতার করা হয়েছে মোঃ বাবুল (৩৭) পিতাঃ মৃতঃ আলাউদ্দিন সাং- বড়বলদিয়া ও মোঃ মোকারম আলী (৩৪) পিতাঃ মোঃ খোরশেদ সাং- ছোটবলদিয়া নামের দুই আসামিকে।

এ ঘটনায় এস আই সাইফুল ইসলাম বাদি হয়ে গ্রেফতারকৃত ২ জনসহ মোট ৪ জনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করেছে।

দর্শনায় ভালোবাসার বন্ধন এর সহায়তায় রীনা খাতুন পেলো মাথা

গোজার ঠাঁই

অসহায় এক দরিদ্র পরিবারকে ঘর তৈরির জন্য দর্শনা ভালোবাসার বন্ধনের পক্ষ থেকে টিন প্রদান করা হয়েছে । গতকাল কুড়ুলগাছ ইউনিয়নের বুইচেতলা গ্রামের হাবিল উদ্দিনের স্ত্রী রীনা খাতুনকে ঘর নিমার্ণের জন্য ৪ বান টিন এবং ঘর তৈরির সকল ব্যবস্থা করে এ মানবিক গ্রুপটি।

ভালোবাসার বন্ধনের সাধারণ সম্পাদক মিয়া মোহাম্মদ নুর নবী সুমন জানান, রীনা খাতুনের বসবাসের কোন জমি ছিলো না। সে তার পরিবারকে নিয়ে একই গ্রামের নুর আমিনের জমিতে থাকতেন। সেখান থেকে নুর আমিন তার পরিবারকে তুলে দেয়। এরপর তার শাশুড়ীর একটুরা জমিতে ঠাঁই পেলেও ঘর করার মত সামর্থ ছিলো না।

এ সময় ভালোবাসার বন্ধন তাদের পাশে এসে দাঁড়িয়েছে। ফলে রীনা খাতুন একটি মাথা গুজার ঠাঁই পেলো। সমাজের বৃত্তশালী ব্যক্তিরা যদি ভালোবাসার বন্ধনের মত করে এগিয়ে আসতো তাহলে সমাজের সকল দরিদ্র পরিবার গুলো খুঁজে পেতো তাদের আশ্রয়স্থল।

টিন দেওয়ার সময় ভালোবাসার বন্ধনের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সহ-সভাপতি শামীম হোসেন মিজি, সহ-সাধারণ সম্পাদক এস এ হাসান রঞ্জু, প্রচার সম্পাদক উজ্জল ভট্টাচার্য, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক আরিফ হাসান, নিবার্হী সদস্য রাজু আহম্মেদ, লিপটন প্রমুখ।

দর্শনায় বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। গতকাল

সকাল ১০টা থেকে দিন ব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে পরানপুর কিশোর-কিশোরী ক্লাব ও ওয়েভ ফাউন্ডেশন।

দর্শনা পৌরসভা এলাকার পরানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কিশোর কিশোরীদের নেত্রীত্ব বিকাশ ও ক্যারিয়ার ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণে পুষ্টিকর খাবার সর্ম্পকে কিশোর কিশোরীদের ধারণা প্রদান করা হয়।

এ অনুষ্ঠানের নেত্রীত্ব স্থানীয় ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট, আঞ্জুমান আরা, সাংবাদিক আওয়াল হোসেন।

এছাড়া কিশোর-কিশোরী ক্লাবের সভাপতি রিফাত ইসতিয়াক ও রাসেল হায়দারসহ ৩০ জন কিশোর-কিশোরী। প্রশিক্ষণ পরিচালনা করেন পিংকি মন্ডল।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পাওযায় কেরু’জ এমডিকে ফুলেল শুভেচ্ছা

ন্যাশনাল প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেয়েছে কেরুজ চিনিকল। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) আয়োজিত “ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯ এবং ইনস্টিটিউশনাল এপ্রিসিয়শেন অ্যাওয়ার্ড ২০১৯ ট্রফি ও সনদ প্রদান করা হয়েছে।

দেশের ৩১ শিল্প কারখানার মধ্যে কেরুজ চিনিকল ২য় স্থান অধিকার করেছে। ফলে ২য় অ্যাওয়ার্ড গ্রহণ করেছেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ। চিনি শিল্পে রাষ্ট্রয়াত্ব অ্যাওয়ার্ড পাওয়ায় দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে মিলের ব্যবস্থাপনা পরিচালক ও দর্শনা প্রেস ক্লাবের পৃষ্টপোষক মোঃ আবু সাঈদকে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে তার কার্যালয়ে এ শুভেচ্ছা দেন সাংবাদিক নেতৃবৃন্দ।

এ সময় উপস্থিত ছিলেন, মিলের মহাব্যবস্থাপক (প্রশাসন), প্রেস ক্লাবের উপদেষ্টা শেখ শাহাব উদ্দীন, মহাব্যবস্থাপক (কৃষি) গিয়াসউদ্দিন, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদাহ হাসান বাদশা, উপ-ব্যবস্থাপক আবুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (অর্থ) জাকারিয়া, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রণি, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক আহসান হাবীব মামুন প্রমুখ।